

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২৩.১৯-৬১২

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ ব.
২৬ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৭৩৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৭৩৭/২০১৯ মামলার কুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৭৩৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৮৭৩৭/২০১৯	জি.এম আব্দুল কাদের, ক্রাফট ইন্সট্রাক্টর (অবসরপ্রাপ্ত), কারিগরি শিক্ষা অধিদপ্তর গং (০৩ জন)।	সচিব, টিএমইডি, সচিব, অর্থ মন্ত্রণালয়, ডিজি, ডিটিই মোট ০৫ (পাঁচ) জন।	কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৩ জন ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) যথাক্রমে (১) জি.এম আব্দুল কাদের, ০১/০১/১৯৯৩ তারিখে স্বেচ্ছায় অবসরে যান (পূ ১৭) (২) জনাব মো: আব্দুল কুদ্দুস ২৯/৯/২০০৬ তারিখে বার্ষিকাজনিত কারণে অবসরে যান এবং (৩) জনাব মো: আব্দুল মান্নান ২৯/৯/২০০৮ তারিখে বার্ষিকাজনিত কারণে অবসরে যান। পরবর্তীতে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের নন-গেজেটেড ড্রাফটসম্যান (সিভিল/মেকানিক্যাল) ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর/টিআরএ) এবং ল্যাব সহকারী পদসমূহের বেতনস্কেল পুনঃ নির্ধারণপূর্বক শিক্ষা মন্ত্রণালয় হতে ০৭/১০/২০১৩ তারিখে শিম/শা:১৫/ বেতনস্কেল-২/৯৫(অংশ-২)/১৪৮ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত পত্রের আলোকে ০১/৭/১৯৭৭ তারিখ হতে পুনঃনির্ধারিত বেতন স্কেলের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হাল নাগাদকরণের নিমিত্ত উল্লিখিত ক্রাফট ইন্সট্রাক্টরগণ কর্তৃক ০৫/৬/১৬ ও ০১/৬/১৬ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করা হয়। শিক্ষা মন্ত্রণালয় বিতর্ক হওয়ার পরবর্তীতে একই বিষয়ে সচিব, টিএমইডি বরাবর উক্ত অবসরপ্রাপ্ত ক্রাফট ইন্সট্রাক্টরগণ কর্তৃক পুনরায় আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে ০১/৭/১৯৭৭ তারিখ হতে পুনঃনির্ধারিত বেতন স্কেলের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হাল নাগাদকরণের নির্দেশনা দিয়ে টিএমইডি হতে ২৩/২/১৯ তারিখে ১৭৪ নং স্মারকমূলে ডিটিই বরাকর পত্র জারি করা হয়। আবেদনকারীগণ স্বেচ্ছায়/বার্ষিকাজনিত কারণে অবসরে গমন করায় এবং বর্তমানে কর্মরত না থাকায় তাদের ০১/৭/১৯৭৭ তারিখ হতে পুনঃ নির্ধারিত বেতন স্কেলের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হালনাগাদকরণের সুযোগ নেই মর্মে ডিটিই হতে ০৯/০৫/২০১৯ তারিখে ৩৭.০৩.০০০০.০১২.৩২.০১৬.১৩.৪২২/ক .৩৭.০৩.০০০০.০১২.৩২.০১৬.১৩.৪২২/খ এবং ৩৭.০৩.০০০০.০১২.৩২.০১৬.১৩. ৪৫২ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। উক্ত স্মারক ৩টির বিরুদ্ধে ক্রাফট ইন্সট্রাক্ট পদে তাদের যোগদানের তারিখ হতে বেতনস্কেল গ্রেড নং- ১৫ অথবা ১৬ (টাকা ৩২৫-৬১০ অথবা ৩০০-৫৪০) এর স্থলে পে-স্কেল ১৯৭৭ এর গ্রেড-১৩ (টাকা ৪০০-৮২৫/-) অনুযায়ী বেতন নির্ধারণপূর্বক বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জি.এম আব্দুল কাদের, ক্রাফট ইন্সট্রাক্টর গং (০৩ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮৭৩৭/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৬/৮/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে পিটিশনারগণ অবসরে গমন করায় এবং বর্তমানে কর্মরত না থাকায় তাদের ০১/৭/১৯৭৭ তারিখ হতে পুনঃনির্ধারিত বেতন স্কেলের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হালনাগাদকরণের সুযোগ নেই মর্মে ডিটিই হতে ০৯/০৫/২০১৯ তারিখে ৪২১/ক, ৪২১/খ এবং ৪৫২ সংখ্যক পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনারগণের যোগদানের তারিখ হতে বেতনস্কেল গ্রেড নং- ১৫ অথবা ১৬ (টাকা ৩২৫-৬১০ অথবা ৩০০-৫৪০) এর স্থলে পে-স্কেল ১৯৭৭ এর গ্রেড-১৩ (টাকা ৪০০-৮২৫/-) অনুযায়ী বেতন নির্ধারণপূর্বক বকেয়া আর্থিক সুবিধাদি প্রাদানসহ পেনশন সংশোধনপূর্বক হালনাগাদকরণের জন্য ফেন নির্দেশনা প্রাদান করা হবেনা; সে মর্মে ২৩/০৯/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রাদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলের করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৭৩৭/২০১৯ মামলার ২৬/০৮/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১০/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ সিএ) ২৬/১১/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।